

নয়া দিগন্ত

বৃহস্পতিবার

২১ আগস্ট ২০২৫, ৬ ভাদ্র ১৪৩২

ndpachmishali@gmail.com



কমিউনিটি ব্যাংক-নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় চুক্তি

দেশের তরুণ উদ্যোক্তাদের এগিয়ে নিতে কমিউনিটি ব্যাংক বাংলাদেশ পিএলসি ও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় যৌথভাবে কাজ করার ঘোষণা দিয়েছে। এ লক্ষ্যে গত সোমবার রাজধানীতে দুই প্রতিষ্ঠানের মধ্যে একটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী, এনএসইউর প্রথম প্রকল্প হিসেবে 'স্টার্টআপস নেটওয়ার্ক'-এর সাথে যুক্ত উদ্যোক্তাদের ব্যাংকিং সেবা, ক্যাশ ম্যানেজমেন্ট ও ব্যবসায়িক পরামর্শ দেবে কমিউনিটি ব্যাংক। এ উদ্যোগ বাস্তবায়িত হবে কমিউনিটি ব্যাংক ও স্টার্টআপ-বিষয়ক প্রথম উদ্যোগের মাধ্যমে- যা দেশের প্রথম ব্যাংক পরিচালিত প্রকল্প হিসেবে বিবেচিত হবে। স্বাক্ষর অনুষ্ঠানে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ভিসি ও গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান প্রফেসর আব্দুল হান্নান চৌধুরী এবং কমিউনিটি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) কিমিয়া সাআদত চুক্তিপত্রটি নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষ থেকে হস্তান্তর করেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের স্কুল অব বিজনেস অ্যান্ড ইকোনমিকসের ডিন ড. এ কে এম ওয়ারেসুল করিম, এনএসইউ স্টার্টআপস নেটওয়ার্কের পরিচালক স্যামুয়েল মুরসালিন, কমিউনিটি ব্যাংকের হেড অব করপোরেট ব্যাংকিং অ্যান্ড হেড অব বিজনেস (ব্রাঞ্চ) ড. মো: আরিফুল ইসলাম; হেড অব এডিসি অ্যান্ড হেড অব এমডিসি কো-অর্ডিনেশন টিম মো: মামুন-উর রহমান। বিজ্ঞপ্তি।